মেহেরপুরে বিএনপির প্রচারপত্র বিতরণ

বেগম জিয়ার নিঃশর্ত মুক্তির দাবীতে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে মেহেরপুর শহরের বিভিন্ন মোড়ে মোড়ে প্রচার পত্র বিতরন করা হয়েছে।

গণতন্ত্র পুনরুদ্ধার, বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও উন্নত চিকিৎসার দাবীতে আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) সকালের দিকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে শহরে প্রচার পত্র বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, বিএনপি নেতা আলিফ আরাফাত, আব্দুস সামাদ, কামরুজ্জামান বাবু, সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, যুগ্ম সম্পাদক সাইদুর সুজন, পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি প্রমূখ।

মেহেরপুরে লাটাহাম্বার চাকায় স্পৃষ্ট হয়ে শিশু নিহত

মেহেরপুরের গোভীপুর বাজারে লাটাহাম্বার চাকায় স্পৃষ্ট হয়ে সাইফ রহমান (৯) নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে।

নিহত সাইফ রহমান গোভীপুর ধাপাড়ীপাড়ার স্বাধীন হোসেনের ছেলে ও গোভীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেনীর ছাত্র।

আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) দুপুর ১ টার দিকে গোভীপুর বাজারের কাবলু ডাক্তারের দোকানের সামনে এই দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শিরা জানান, সাইফ রহমান স্কুল ছুটি শেষে বাইসাইকেল যোগে বাড়ি ফিরছিলেন। গোভীপুর বাজারের উপর পৌছানো মাত্র

সামনের দিক থেকে একটি স্যালোইঞ্জিন চালিত লাটাহাম্বা আসে। এসময় সাইড দিতে গিয়ে বাইসাইকেলসহ লাটাহাম্বার সামনে পড়ে যায়। লাটাহাম্বার চাকা শিশু সাইফ রহমানের মাথা স্পৃষ্ট করে চলে যায়। পরে তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ নিহতের মরদেহ উদ্ধার করেছেন। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে মিথ্যা ধর্ষণ মামলার বাদীর জেল

মিথ্যা ধর্ষণ মামলা করার অপরাধে রোজিনা খাতুন (৩৩) নামের এক নারীকে এক বছর সশ্রম কারাদন্ড ও ৫ হাজার টাকা অর্থদন্ড অনাদায়ে আরও ১ মাসের সশ্রম কারাদন্ড দিয়েছেন আদালত।

দণ্ডিত রোজিনা খাতুন মুজিবনগর উপজেলার বিশ^নাথপুর গ্রামের মো: মনিরুল ইসলামের স্ত্রী।

আজ বুধবার (১৬ আগস্ট) দুপুরে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক তোহিদুল ইসলাম এই রায় দেন।

মামলার বিবরনে জানা গেছে, দণ্ডিত রোজিনা খাতুন বাদী বাবলু রহমানের বিরুদ্ধে ২৪/০৪/২০২১ সালে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মিথ্যা এ্যফিডেভিট দাখিল করলে আদালত তা আমলে নিয়ে পিটিশন ৫৪/২১ মুলে মামলাটি নিবন্ধন করেন। মামলাটি সত্যতা যাছাইয়ের জন্য মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসারকে দায়িত্ব প্রদান করেন। মামলার তদন্তকারি কর্মকর্তা ২০২১ সালের ১৯ অক্টোবর আদালতে মামলার তদন্ত প্রতিবেদন দাখিল করেন। মামলার কোনো সত্যতা নাই মর্মে আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। ফলে আদালত ন্যায় বিচারে বাদির অভিযোগ নাকোচ করেন। এতে বিবাদি বাবলু রহমান নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী/২০০৩) এর ১৭(১) ধারায় মামলার বাদি

রোজিনা খাতুনের বিপক্ষে আইনানুগ ব্যবস্থার পিটিশন দাখিল করেন যার পিটিশন নং ৪৬/২২।

চার জন স্বাক্ষীর স্বাক্ষ্য প্রমান শেষে আদালত মিথ্যা মামলাকারি রোজিনা খাতুনকে ১ বছরের সশ্রম কারাদন্ড ও ৫ হাজার টাকা অর্থদন্ড প্রদান অনাদায়ে আরও ১ মাসের সশ্রম কারাদন্ড প্রদান করেন।

গাংনীতে যুবলীগের উদ্যোগে শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী পালিত

গাংনীর মানুষ আমাকে আজও মনে প্রানে ভালবাসে। আমি এমপি থাকাকালীন সময়ে অনেক সুযোগ সুবিধা পাওয়া সত্বেও আমি কোন অবৈধ সুযোগ কাজে লাগানোর চেষ্টা করিনি। মানুষকে হয়রানী করিনি। সকলকে সম্মান করেছি। তাই গাংনীর মানুষ আমাকে আজও মনে রেখে ভালোবসে

গাংনী উপজেলা যুবলীগ আয়েজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

আজ বুধবার বিকেলে গাংনী গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ চত্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষে গাংনী উপজেলা যুবলীগ আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন।

আলোচনা সভা শেষে একটি শোক র্যালী গাংনী উপজেলা শহরের প্রধান প্রধান সড়কে প্রদক্ষিণ করে। র্যালীতে নেতৃত্ব দেন সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের উপদেষ্টা ইয়াছিন রেজা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, গাংনী উপজেলা

যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য মজিরুল ইসলাম মিয়া, প্রবীণ আওয়ামী লীগ নেতা সৈফতুল্লাহ, গাংনী উপজেলা যুবলীগের সহ-সভাপতি আল-ফারুক, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার পাশা প্রমুখ।

আলোচনা শেষে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া মোনাজাত পরিচালনা করেন অনুষ্ঠানের সঞ্চালক উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফিক আহমেদ পলাশ। পরে কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

মেহেরপুরে জাতীয় শোক দিবসে বিজিবি'র বিনামূল্যে খাদ্য বিতরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বর্ডার গার্ড বাংলাদেশের পক্ষে মেহেরপুরের বুড়িপোতা সীমান্ত ক্যাম্প থেকে বিনামূল্যে খাদ্য সামগ্রী বিতরণ ও চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

১৫ আগস্ট বিকেল সাড়ে ৩ টায় শালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন বিজিপি (৬) এর উদ্যোগে ও বুড়িপোতা সীমান্ত ক্যাম্পের ব্যবস্থাপনায় বিনামূল্যে খাদ্য সামগ্রী বিতরণ ও চিকিৎসার সেবা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা ব্যাটেলিয়ান (বিজিপি ৬) এর ভারপ্রাপ্ত অধিনায়ক মেজর রাকিবের উপস্থিতিতে এবং বুড়িপোতা ক্যাম্প কমান্ডার জাহাঙ্গীর ও বিজিবি ক্যাম্পের সদস্যদের সার্বিক সহযোগিতায় ফ্রি মেডিক্যাল ক্যাম্পে চিকিৎসা প্রদান করেন মেজর ডাঃ ফারহানা ইয়াসমিন।

কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

গাংনী উপজেলা কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার ১৫ ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে কাথুলী ইউনিয়ন পরিষদে দোয়ার মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রানার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি মিজানুর রহমান রানা।

বক্তব্য রাখেন গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি ফিরোজ আহম্মেদ পলাশ, বক্তব্য রাখেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী অধ্যাপক হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক জয়নাল আবেদীন, ইউ পি সদস্য কাবের আলী,ইউ পি সদস্য আজমাইন হোসেন,আনারুল ইসলাম, বাবুল হোসেন,সহ উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম,গাড়াবাড়ীয়া ২ নং ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি হাসিবুল ইসলাম,সহ আওয়ামী লীগের ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সেক্রেটারি বৃন্দ সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কাথুলীতে জাতীয় শোক দিবস উপলক্ষে ফ্রি মেডিকেল ক্যাম্প

অনুষ্ঠিত

জীবন বাচাই রক্ত দিয়ে মানবতা যাক এগিয়ে এই স্লোগানকে সামনে রেখে কাথুলী ব্লাড ফাউন্ডেশন এর উদ্যোগে রক্তের গ্রুপ নির্নয় করা হয়েছে।

গতকাল মঙ্গলবার কাথুলী ইউনিয়ন পরিষদে এ কার্যক্রম সকাল ৮ থেকে বিকাল ৫ পর্যন্ত কর্যক্রম পরিচালনা করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজা, সহ ব্লাড ফাউন্ডেশন এর সদস্য বৃন্দ।

এ বিষয়ে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সভাপতি নাছিম আহম্মেদ জানান, অসহায় গরীব দুঃখী মানুষের রক্তের অভাবে যেন কোন মাকে অপারেশন থিয়েটারে সন্তান প্রসব করতে যেয়ে রক্তের অভাবে জীবন দিতে না হয় সে জন্য আমাদের এই কাথুলী ব্লাড ফাউন্ডেশন। সবার পাশে থেকে সেবা দিয়ে যেতে যায় কাথুলী ব্লাড ফাউন্ডেশন।

মেহেরপুরে বহুমুখী মানব কল্যাণ সংস্থার পক্ষ থেকে জাতীয় শোক দিবস পালন

বহুমুখী মানব কল্যাণ সংস্থা মেহেরপুরের পক্ষ থেকে জাতীয় শোক দিবস উপলক্ষে শোক র্যালি ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

গতকাল মঙ্গলবার সকাল ৯ ঘটিকার সময় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন বহুমুখী মানব কল্যাণ সংস্থার জেলা কমিটির সভাপতি মোঃ নুরুল আহমেদ, মেহেরপুর পৌরসভার ৫ নং ওয়ার্ডের ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃমোস্তাক হোসেনসহ সংগঠনের কর্মীরা

উপস্থিত ছিলেন।

মেহেরপুর বিচার বিভাগের লিল্লাহ বোডিংয়ের ছাত্রদের মাঝে খাবার পরিবেশন

জাতীয় শোক দিবসে মেহেরপুর বিচার বিভাগের নানা কর্মসূচির অংশ হিসেবে মদিনাতুল উলুম কওমী মাদ্রাসার লিল্লাহ বোডিংয়ে স্বাধীনতার স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাফফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অতঃপর মাদ্রাসার লিল্লাহ বোডিংয়ের ছাত্রদের মাঝে দুপুরের খাবার পরিবেশন করা হয়।

মেহেরপুরে পুলিশ ও বিজিবির অভিযানে ৬ জন গ্রেফতার

মেহেরপুর সদরে বিজিবি ও গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর উপজেলায় বিজিবির অভিযানে মাদক মামলায় ৪ ও গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর ও সিআর মামলার ২ আসামি রয়েছেন। সদর থানায় গ্রেফতারকৃতদের বর্ডারগার্ড বাংলাদেশ বিজিবির অভিযানে গ্রেফতার হয়েছেন।

মঙ্গলবার দিবাগত রাতে বর্ডারগার্ড বাংলাদেশ পৃথক দুটি অভিযান

চালিয়ে সাড়ে ৩ গ্রাম হেরোইনসহ ৪ জনকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।